**ন্যাশনাল ইনষ্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সাইন্সেস্**
**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন**
বি.এস. এম মেডিক্যাল ইউনিভার্সিটি ক্যাম্পাস, ব্লক-ডি, ৮-১১ তলা, শাহবাগ, ঢাকা ১০০০।
ফোন: ৯৬৭৫৪৮৭ ফ্যাক্স: ৮৬২৫৬১১, ই-মেইল : *ninmas.baec@gmail.com*

## ভূমিকাঃ

নিউক্লিয়ার টেকনোলজী ব্যবহার করে মানুষকে বিশেষায়িত চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ১৯৮০ সালে ইনস্টিটিউট অব্ পোষ্ট গ্র্যাজুয়েট এন্ড রিসার্চ (আইপিজিএমআর) এর "ব্লক এ" এ ন্যাশনাল ইনষ্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সাইন্সেস্ (নিন্মাস) প্রথম স্থাপিত হয়। বর্তমানে এটি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের "ডি-ব্লক" এর নবনির্মিত ১৮তলা ভবনের ৮ম তলা হইতে ১১তম তলায় প্রায় ৬০,০০০ বর্গফুট আয়তন জুড়ে অবস্থিত। সর্বাধুনিক সিঙ্গেল ও ডাবল স্পেক্ট গ্যামা ক্যামেরা সংযোজিত ইনস্টিটিউটটি বর্তমানে অন্‌কোলজি, কার্ডিওলজি, নেফ্রোলজি, এবং সেরিব্রাল স্ক্যানিং এর মত আধুনিক পরীক্ষা করতে সক্ষম। পজিট্রন ইমিশন টমোগ্রাফি (পেট) - এর উত্তরোত্তর গুরুত্ব বৃদ্ধি পাওয়ায় ইনস্টিটিউটে একটি "পেট-সিটি এন্ড সাইক্লোট্রন" স্থাপনের প্রকল্প বর্তমানে বাস্তবায়নাধীন আছে, যা নিন্মাসকে বাংলাদেশের পরমাণু চিকিৎসার ক্ষেত্রে "Center of Excellence" হিসেবে প্রতিষ্ঠার ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করবে।

### আমাদের লক্ষ্য/উদ্দেশ্যঃ

আগামী ১০ হতে ১৫ বছরের মধ্যে নিউক্লিয়ার মেডিসিন থেরাপী, টারগেটেড রেডিওনিউক্লাইড থেরাপী, রেডিওফার্মেসী, পেট-রেডিওফার্মাসিউটিক্যালস, নিউক্লিয়ার অন্‌কোলজি, পেডিয়াট্রিক নিউক্লিয়ার মেডিসিন, নিউক্লিয়ার নেফ্রোলজি এবং নিউক্লিয়ার কার্ডিওলজি থেকে অভুতপূর্ব উন্নতি সাধিত হবে। পরমাণু চিকিৎসার ক্ষেত্রে এ সকল ভবিষ্যত চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য আমাদের লক্ষ্য গুলো হলো :

১। রোগ নির্ণয় এবং থেরাপীর ক্ষেত্রে সামর্থ বাড়ানো।
২। শিক্ষা ও গবেষনা কার্যক্রম বাড়ানো।
৩। মানব সম্পদ উন্নয়ন।

## গবেষণা ও উন্নয়ন ঃ

### গবেষণা ও উন্নয়ন বিভাগ:

নিউক্লিয়ার মেডিসিন একটি আধুনিক চিকিৎসা বিজ্ঞানের বিশেষ শাখা যেখানে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও অন্যান্য বিষয়ের সূত্রাবলী ও গবেষণালব্ধ বিভিন্ন জ্ঞানের সন্নিবেশ ঘটে থাকে। চিকিৎসা বিজ্ঞানের এই বিশেষায়িত শাখার উন্নয়নের জন্য প্রতিষ্ঠালগ্ন হতে অদ্যবধি ন্যাশনাল ইনষ্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সাইন্সেস্ এর প্রধান লক্ষ্য হচ্ছে রোগীদের উন্নতর ও আধুনিক সেবা প্রদান ও এক্ষেত্রে গবেষনা ও উন্নয়নের মাধ্যমে নিউক্লিয়ার মেডিসিন Technology-তে বাংলাদেশের মধ্যে নিজেকে "Center of excellence" হিসাবে প্রতিষ্ঠিত করা। এই লক্ষ্যকে সামনে রেখেই বাংলাদেশ পরমাণূ শক্তি কমিশনের অনুমোদনক্রমে গবেষনা ও উন্নয়ন বিভাগটি গঠিত হয়।

নিন্মাস এর চলমান গবেষনা কার্যক্রমের সমন্বয় সাধন করে উক্ত ইনষ্টিটিউটের চিকিৎসা সেবার মান আধুনিক ও যুগোপযোগী করাটাই এই বিভাগের প্রধান লক্ষ্য। এই বিভাগের লক্ষ্য এবং উদ্দেশ্য নিম্নরুপ:

- অত্র ইনষ্টিটিউটের নিউক্লিয়ার মেডিসিন কার্যক্রমের উন্নতি ও আধুনিকীকরন
- ইনষ্টিটিউটের গবেষনা কার্যক্রমকে গতিশীল ও পরিচালনা করা
- নিউক্লিয়ার মেডিসিন কার্যক্রমের ক্ষেত্রে সমন্বয় সাধন করে নিরিবিচ্ছন্ন চিকিৎসা সেবার মান বজায় রাখা
- নতুন গবেষনা প্রস্তাবনা তৈরী, দেশী/বিদেশী জার্নালে গবেষনা পত্র প্রকাশনা, ইনষ্টিটিউটের সকল গবেষনা কর্মকে সুষ্ঠ ভাবে সংরক্ষন করা
- ইনষ্টিটিউটের সকল গবেষনা কার্যক্রম সংরক্ষন করা

এয়াড়া ও বিভিন্ন বৈজ্ঞানিক কাজে সহযোগিতা করা গবেষনা ও উন্নয়ন বিভাগের দায়িত্ব।

### নিন্মাস এর গবেষনা ও উন্নয়ন কার্যক্রম:

রোগ নির্ণয় ও চিকিৎসা সেবার পাশাপাশি নিনমাস এ বিভিন্ন ধরণের গবেষণা কর্মসূচি চালু রয়েছে। এই সমস্ত গবেষণা কর্মসূচি বিভিন্ন সংস্থার প্রকল্পের অধীনে নিয়মিত পরিচালিত হয়ে থাকে, যেমন International Atomic Energy Agency (IAEA) TC (Technical Cooperation), CRP (Coordinated Research Project), RCA (Regional Cooperative Agreement) Project, Ministry of Science & Technology ইত্যাদি।

## ইনষ্টিটিউটের চলমান গবেষণা ও উন্নয়ন প্রকল্পসমূহ:

### IAEA TC প্রকল্পসমূহ:

1. IAEA TC Project BGD/6/025 “Improving the Management of Oncological, Cardiovascular and Infectious Diseases, Particularly Tuberculosis”.
2. IAEA TC Project “Capacity Building for the Clinical Application of PET-CT, Cyclotron Operation and PET Radiopharmaceutical Production” (2018-19).

### IAEA RCA প্রকল্পসমূহ:

1. Strengthening the effectiveness and extent of Medical Physics Education and Training (RAS/6/077).
2. Improving Cancer Management with Hybrid Nuclear Medicine Imaging (RAS/6/061)
3. Building Capacity with Distance Assisted Training For Nuclear Medicine Professionals (RAS/6/064).
4. Strengthening Hybrid Imaging in Nuclear Medicine in Asia and Pacific Region (RAS/6/079).
5. Supporting Comprehensive Cancer Control in the Asia and the Pacific Region (RAS/6/069)
6. Strengthening Nuclear Medicine Diagnostic and Therapeutic Applications in Oncology in the Asia region (RAS/6/067)

### CRP প্রকল্পসমূহ:

1. CRP Project E15021 “FDG PET/CT in the evaluation of Extra-pulmonary Tuberculosis and Response of Therapy”.
2. Development of Quantitative Nuclear Medicine Imaging for Optimized Patient Specific Dosimetry (E2.10.07).
3. Doctoral CRP Project E2.40.19 “Advances in Medical Imaging Techniques”
4. PET-CT in the management of pediatric lymphoma (E-12017).

### বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর অধীনে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহ:

1. Government ADP project “Establishment of Positron Emission Tomography Computed Tomography (PET-CT) Technology with Cyclotron facilities”.
2. Government ADP project “Upgrading and strengthening the facilities at National Institute of Nuclear Medicine and Allied Sciences (Former INMU)".

### ইনষ্টিটিউটের আভ্যন্তরীন গবেষনা প্রকল্পসমূহ:

1. Changing trend pattern incidences of differentiated thyroid carcinoma
2. Mode of presentation of young patients with differentiated thyroid carcinoma.
3. Role of low dose radioiodine in remnant ablation in thyroid cancer and comparison with high dose.
4. Demographic pattern of patients and color Doppler assessment of lower limb vessels at INMU

5. Correlation of PI and RI of umbilical and middle cerebral vessels of foetus of normal pregnancy with those in mothers with carcinoma of thyroid.
6. Relationship between sonographically found fatty change in liver and biochemical findings (LFT and lipid profile) and patient's height, weight, abdominal circumference
7. Comparison of perabdominal and pervaginal ultrasound findings of BPCO with hormone findings
8. Colour Doppler and Power Dopplers evaluation of solid thyroid nodule to predict malignancy.
9. Duplex study of vertebral arteries in patients.
10. Assessment of carotid vessels in DM and TIA.
11. Musculo skeletal ultrasonography of different limb joints.
12. Duplex study of portal vein in non - cirrhotic condition.
13. Duplex study of uterine artery to predict pre- eclampsia. Case- control study.
14. Duplex study of penile vessels in erectile dysfunction. (Pharmaceutical augmented).
15. Less fetal movements and oligohydraamnios associated with high S/D ratio of umbilical artery.

ইন্সটিটিউট এর উন্নয়ন একটি চলমান প্রক্রিয়া যার প্রেক্ষিতে আধুনিকীকরনের মাধ্যমে নিউক্লিয়ার মেডিসিন এ মানসম্মত সেবা প্রদান নিশ্চিত করা হয়। এই উন্নয়ন প্রক্রিয়ার মধ্যে রয়েছে মানবসম্পদ উন্নয়ন যা স্নাতকোত্তর কোর্স, ওরিয়েন্টেশন কোর্স, প্রশিক্ষন ও কর্মশালা, যন্ত্রের মান নিয়ন্ত্রণ ও কারিগরী প্রশিক্ষন ইত্যাদির মাধ্যমে নিয়মিতভাবে সম্পন্ন করা হয়।

**দেশী/বিদেশী জার্নালে গবেষণা পত্র প্রকাশনাঃ**

অত্র ইনষ্টিটিউট এর চিকিৎসক ও বিজ্ঞানীবৃন্দ প্রতিবছর তাদের গবেষণা কার্যক্রমসমূহ বিভিন্ন দেশী/বিদেশী জার্নালে প্রকাশ করে থাকেন। এর আলোকে গত দুই বছরে অত্র ইনষ্টিটিউট এর চিকিৎসক ও বিজ্ঞানীবৃন্দ প্রায় ৫২ টির মত গবেষণাপত্র বিভিন্ন দেশী/বিদেশী জার্নালে প্রকাশ করেছেন। এছাড়া গত দুই বছরে অত্র ইনষ্টিটিউট এর চিকিৎসক ও বিজ্ঞানীবৃন্দ বিভিন্ন জাতীয়/আন্তর্জাতিক সম্মেলনে প্রায় ৫৬ টির মত গবেষণাপত্র উপস্থাপন করেছেন।

## সেবাদান কার্যক্রম

### সিন্টিগ্রাফী বিভাগ :

এই বিভাগে আধুনিক গামা ক্যামেরা ব্যবহার করে রেডিও আইসোটোপের সাহয্যে মস্তিস্ক, অস্থি, কিডনী, লিভার, ব্রেস্ট, হৃদযন্ত্র, ফুমফুস সহ শরীরের বিভিন্ন অঙ্গের রোগ ও কার্যকরিতা সঠিক ভাবে নিরুপন করা হয়। নিম্নে পরীক্ষাসমূহের নাম পেশ করা হলঃ

- Central Nervous System Imaging
- Cisternography
- Radiocolloid Liver, biliary tract and gastrointestinal tract imaging
- Hepatobiliary imaging
- The gastro-intestinal tract scintigraphy, Gastro-intestinal bleeding
- Meckel's diverticulum study, Gastric emptying, Oesophageal transit and Gastro-oesophageal reflux study.
- Imaging of skeletal system
- Scanning of Pulmonary system
- Phleboscintigraphy

- Lymphoscinitgraphy
- অন্যান্য পরীক্ষাসমূহ: Shunt patency study, Salivary gland imaging, Parathyroid imaging ইত্যাদি।

**নিউক্লিয়ার নেফ্রোলজি বিভাগ :**

স্বল্প মাত্রার নির্দিষ্ট **রেডিওফার্মাসিউটিক্যাল** এবং গামা ক্যামেরা ব্যবহার করে রেডিওনিউক্লাইড রেনাল সিন্টিগ্রাফী এর মাধ্যমে রোগীদের বিভিন্ন মুত্র ও প্রজনন সংক্রান্ড় সমস্যা চিহ্নিত করা যায়। নিউক্লিয়ার নেফ্রোলজি বিভাগ বর্তমানে নিম্নলিখিত সেবা সমূহ প্রদান করে থাকে:

1. Kidney DTPA study ( Renogram)
2. Kidney scan-Planar & Spect (DMSA)
3. GFR + Renogram (Camera)
4. GFR (Camera)
5. Captopril Renogram
6. Visco-uretic reflux (VUR)
7. Renal cortical scintigraphy
8. Radionuclide cystography
9. Testicular scan
10. MCU

**নিউক্লিয়ার কার্ডিওলজি বিভাগ :**

নিন্মাস এর নিউক্লিয়ার কার্ডিওলজী বিভাগে Radionuclide Angiography, Multigated Acquisition (MUGA) studies মত নিউক্লিয়ার কার্ডিওলজী পদ্ধতি গুলি ১৯৮০ সাল থেকে নিয়মিত করা হয়। Myocardial Perfusion Imaging (MPI)-এই বিভাগের একটি নতুন সংযোজন এবং এই পরীক্ষাটি বর্তমানে নিয়মিত করা হচ্ছে। MPI পরীক্ষাটি বিএসএমএমইউ - এর **কার্ডিওলজি বিভাগ** এর সাথে যৌথ সহযোগিতায় সম্পাদন করা হয়।

**থাইরয়েড বিভাগ :**

থাইরয়েড বিভাগ নিন্মাস এর একটি অন্যতম প্রধান শাখা। এই শাখার থাইরয়েড বিশেষজ্ঞ ও দক্ষ টেকনোলজিষ্টগন গলগন্ড, থাইরোটক্রিকোসিস ও থাইরয়েড ক্যান্সার সহ থাইরয়েডের সব ধরণের রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা প্রদান করেন। প্রকৃত পক্ষে এই থাইরয়েড বিভাগ দেশের সর্ব বৃহৎ থাইরয়েড সেন্টার। প্রতিদিন দেশের বিভিন্ন প্রান্ড় থেকে বহু রোগী এই থাইরয়েড বিভাগের সেবা নিতে আসেন। রোগী দেখা ছাড়াও এই বিভাগ থেকে থাইরয়েডের ওপর গবেষণা মূলক কাজ করা হয়।

রোগ নির্ণয়:

- Thyroid Uptake test:
- Thyroid scan:
- Thyroid Ultrasonogram:
- In-vitro পরীক্ষা: T3, T4, TSH, FT3 , FT4 , Tg এবং anti-Tg হরমোনের মাত্রা নির্নয়।

থেরাপীর মাধ্যমে চিকিৎসা সেবা:

- Thyrotoxic রোগীর I-131 থেরাপীর মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান এবং পরবর্তী পর্যবেক্ষণ
- Hypothyroid এবং thyroiditis রোগীর সেবা প্রদান
- Thyroid Cancer রোগীর I-131 থেরাপীর মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান এবং পরবর্তী পর্যবেক্ষণ।

**রেডিওইমিওনোএসে বিভাগ:**

এই ইনষ্টিটিউটের একটি দক্ষ ইন ভিটরো ল্যাবরেটরি আছে। এই ল্যাবরেটরিতে Radioimmunoassay (RIA) পদ্ধতিতে শরীরের বিভিন্ন সূক্ষ বস্তু সুচারু রূপে পরিমাপ করা হয়। বহু পূর্ব থেকেই এই ল্যাবরেটরিতে Serum total $T_4$, total $T_3$, free $T_4$, free $T_3$, serum TSH, serum prolactin, serum follicular stimulating hormone(FSH), serum testosterone, serum

progesteron, leutinizing hormone (LH), Phosphate-serum antigen (PSA), Thyroid Microsoma Antibody (TMAB), Thyroglobulin Antibody (TGAB), Alphafeto Protein (AFP), Estradiol ($E_2$),Cortisol (F)etc.-সহ বিভিন্ন হরমোন পরিমাপ করা হয়। বর্তমানে হরমোনের পরিমাপ ছাড়াও বিভিন্ন Tumour Marker যেমন Tg, CEA ইত্যাদি এখানে নিয়মিত নির্ণয় করা হচ্ছে। রক্ত স্বল্পতাজনিত বিভিন্ন রোগের কারন নির্ণয়েও এই ল্যাবরেটরি একটি বিশেষ ভূমিকা রাখছে।

**আল্ট্রাসাউন্ড এন্ড কালার ডপলার বিভাগঃ**

রোগ নির্ণয়ে আল্ট্রাসনোগ্রামের ব্যবহার আজ আর কারো অজানা নয়। দেশের প্রত্যন্ড় অঞ্চলেও আজ এ পদ্ধতি ব্যবহৃত হচ্ছে। বাংলাদেশ এই প্রযুক্তি সর্ব প্রথম এই ইনষ্টিটিউটই চালু করে এবং সারা দেশে এই প্রযুক্তি বিস্তারে একটি ঐতিহাসিক ভূমিকা পালন করে আসছে। এটা করতে পেরে নিনমাস গর্বিত। প্রতি বছর এখান থেকে উল্লেখযোগ্য সংখ্যক চিকিৎসক আল্ট্রাসনোগ্রামের ওপর ট্রেনিং গ্রহণ করেন। এখনও এ ইনষ্টিটিউটের আল্ট্রাসনোগ্রাম বিভাগ একটি অত্যান্ত ব্যস্ত বিভাগ এবং বর্তমানে সাধারণত বিভিন্ন হাসপাতাল ও কেন্দ্র থেকে বিশেষজ্ঞ মতামতের জন্য প্রেরিত রোগীর আল্ট্রাসনোগ্রাম এখানে নিয়মিত করা হয়।

রোগ নির্ণয়:

- General Purpose & High Resolution B-Mode:
  - সবধরনের abdominal USG: Hepatobiliary system, renal system, gynaecological ইত্যাদি।
  - গর্ভধারন সম্পর্কিত: pregnancy profiles, biophysical profile, scan for anomalies.
  - Small parts USG with high frequency probe: breast, testes, eye, thyroid, parotid, brain ইত্যাদি।
  - Musculoskeletal USG: Hip joint
  - Superficial USG: Subcutaneous lesions
- Doppler:
  বিভিন্ন ধরনের Color and Power Doppler পরীক্ষাসমূহ:
  - Peripheral vascular Doppler: for PVD, DVT, varicose veins etc.
  - Portal venous Doppler: for cirrhosis, portal hypertension.
  - Carotid Doppler: For ischemia, stenosis;
  - Renal Doppler: For renal artery stenosis, transplant study;
  - Penile Doppler: For erectile dysfunction;
  - Umbilical cord Doppler: IUGR, placental insufficiency;
  - Tumor vascularity;
  - Testicular torsion.
- Transrectal: Prostate
- Transvaginal: Pelvic pathologies. Infertility cases for folliculometry
- 3D & 4D: Various organs, especially foetal studies for congenital anomaly.

Invasive:

- Biopsy: USG guided biopsy from different organs, e.g., kidney, liver, tumor, thyroid, ইত্যাদি।
- Aspiration: Aspiration of liver abscess, pleural effusion, ascites, ইত্যাদি।

**বোন মিনারেল ডেনসিটোমেট্রি (BMD):**

আইএনএমইউ এর আরেকটি আধুনিক সংযোজনের নাম BMD । হাড়ের ক্ষয় রোগ (Osteoporosis) সম্পর্কে পরীক্ষাটির মাধ্যমে গুরত্বপূর্ন তথ্য পাওয়া যায়।

**PET-CT ও Cyclotron স্থাপন:**

PET-CT ও Cyclotron স্থাপনের লক্ষ্যে "Establishment of Positron Emission Tomography –Computed Tomography (PET-CT) with Cyclotron facilities" শীর্ষক প্রকল্প ২০১১-১২ অর্থবছরে একনেক এর সভায় বর্তমান সরকার কতৃক অনুমোদিত হয়। এর প্রেক্ষিতে উক্ত প্রকল্পের অধীনে অতিসত্বর PET-CT ও Cyclotron অত্র ইনষ্টিটিউট এর চত্বরে স্থাপিত হতে যাচ্ছে। PET-CT স্থাপনের ফলে প্রচুর রোগী বিশেষত ক্যান্সার আক্রান্ত রোগীরা এ থেকে সেবা লাভ করবে এবং ক্যান্সার চিকিৎসার জন্য রোগীদের বিদেশে যাওয়ার হার হ্রাস পাবে। এর ফলে প্রচুর বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে।

## যন্ত্রপাতি এবং অন্যান্য সুবিধাদি:

১. একটি PET/CT সিস্টেম- GE-Discovery 710 with LYSO crystal.
২. দুইটি Dual Head ECAM SPECT সিস্টেম Gamma Camera: Siemens Gammasonics Inc. USA
৩. একটি dual head Cardio-desk SPECT সিস্টেম. Nucline-Mediso, Hungary.
৪. দুইটি Thyroid uptake সিস্টেম
৫. একটি Treadmill: Esaote, Florence, Italy
৬. একটি Defibrillator: Premedic Defi-N, Metrax GmbH, Germany
৭. তিনটি Dose Calibrators of atom lab and Curimentor
৮. Survey meters, Model No-450B Manufacturer- Ohaus Corporation, USA
৯. Medical X ray Film Processor, Model No-FPM-100A, Manufacturer-Fuji Film, Japan
১০. পাঁচটি Ultrasound & Color Doppler সিস্টেম।
১১. একটি BMD মেশিন।
১২. Full phase RIA laboratory having multiple RIA counters with centrifuge মেশিন, well counter ইত্যাদি।

## অন্যান্য (শিক্ষা কার্যক্রম):

- বর্তমানে এই ইনষ্টিটিউটে M Phil (Nuclear Medicine) এবং Phd কার্যক্রম চালু আছে। এ ছাড়াও বিভিন্ন বিষয়ের স্নাতোকত্তোর ছাত্ররা তাদের শিক্ষা কার্যক্রমের অংশ হিসাবে প্রশিক্ষণের জন্য নিয়মিত ভাবে অত্র ইনষ্টিটিউটে আসেন। অত্র ইনষ্টিটিউটের সহায়তায় অনেকে তাদের থিসিস/ডিসারটেশন সম্পন্ন করেন।
- অত্র ইনষ্টিটিউটে সপ্তাহান্তে একদিন বিভিন্ন মেডিকেল জার্নাল রিভিউ করা হয়। ইনষ্টিটিউটেরর চিকিৎসক, পদার্থবিদ, রসায়ানবিদ ও অন্যান্য কর্মকর্তা ও টেকনোলজিষ্টদের জন্য চলমান শিক্ষা কর্মসূচী (Continuous Medical Education-CME) এর ব্যবস্থা আছে।
- বিএসএমএমইউ এর বিভিন্ন বিভাগের স্নাতকোত্তর শিক্ষার্থীদের নির্ধারিত লেকচার দেয়া হয়।

**কি ভাবে আইএনএমইউ এর সেবা নিবেন:**

আইএনএমইউ এর যে কোন সেবা নেয়ার জন্য একজন চিকিৎসকের পরামর্শ প্রয়োজন। চিকিৎসকের পরামর্শ বিবেচনা করে আপনাকে একটি তারিখ(Appointment) দেয়া হবে। নির্ধারিত তারিখে সরকার নির্ধারিত ফি প্রদান করে আপনি সেই সেবা নিতে পারবেন। তবে সরকারী

হাসপাতালে ফ্রি বেডে ভর্তি রোগীদের জন্য কোন ফি  দিতে হয় না। অন্য যে কোন তথ্য এ্যাপয়েন্টমেন্ট কাউন্টার অথবা কর্তব্যরত চিকিৎসকের কাছে পাওয়া যাবে।

**কর্মদিবস:**

রবিবার হতে বৃহস্পতিবার সকাল ০৯:০০–বিকাল ০৫:০০
সাপ্তাহিক ছুটি: শুক্র ও শনিবার।

**অ্যাপয়েন্টমেন্ট :**

অত্র ইনস্টিটিউটের সব পরীক্ষার জন্য পূর্ব অ্যাপয়েন্টমেন্ট নেয়া আবশ্যক। অ্যাপয়েন্টমেন্ট-এর জন্য অভ্যর্থনা কাউন্টারে যোগাযোগ করুন।

***পরীক্ষা বা চিকিৎসার দিন ভিড় এড়াতে আপনি পূর্বাহ্নেই ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করে রাখতে পারেন।

**রোগী এন্ট্রির সময়:**

| | | |
|---|---|---|
| ১. আলট্রাসনোগ্রাম | : সকাল ০৯:০০ - দুপুর ০১:০০ | (পূর্বনির্ধারিত Appointment অনুসারে) |
| ২. সিন্টিগ্রাফী (স্ক্যান) | : সকাল ০৯:০০ - দুপুর ১২:০০ | ” |
| ৩. হরমোন পরীক্ষা | : সকাল ০৯:০০ - দুপুর ০১:৩০ | ” |
| ৪. থাইরয়েড | : সকাল ০৯:০০ - দুপুর ০১:০০ | ” |

**পরীক্ষার সময়:**

| | | |
|---|---|---|
| ১. আলট্রাসনোগ্রাম | : সকাল ০৯:০০ - বিকাল ০৪:০০ | (পূর্বনির্ধারিত Appointment অনুসারে) |
| ২. সিন্টিগ্রাফী (স্ক্যান) | : সকাল ০৯:০০ - বিকাল ০৫:০০ | ” |
| ৩. হরমোন পরীক্ষা | : সকাল ০৯:০০ - বিকাল ০৪:০০ | ” |
| ৪. থাইরয়েড | : সকাল ০৯:০০ - বিকাল ০৪:০০ | ” |

**রিপোর্ট প্রদান:**

| | |
|---|---|
| ১. আলট্রাসনোগ্রাম পরীক্ষার রিপোর্ট পরীক্ষার দিন | : বিকাল ০৩:০০ ঘটিকার পর আলট্রাসনোগ্রাম অভ্যর্থনা কাউন্টার হতে প্রদান করা হয়। |
| ২. সিন্টিগ্রাফী পরীক্ষার রিপোর্ট পরীক্ষার পরের দিন | : দুপুর ০২:০০ ঘটিকার পর অভ্যর্থনা কাউন্টার (৮ তলা) হতে প্রদান করা হয়। |
| ৩. হরমোন পরীক্ষার রিপোর্ট  নির্ধারিত দিন | : দুপুর ০২:০০ ঘটিকার পর অভ্যর্থনা কাউন্টার (৮ তলা) হতে প্রদান করা হয়। |
| ৪. শুধু থাইরয়েড পরীক্ষার রিপোর্ট পরীক্ষার দিন | : দুপুর ০২:০০ ঘটিকার পর অভ্যর্থনা কাউন্টারে  (৮ তলা) অথবা কক্ষ নং ৯০৮ হতে প্রদান করা হয়। |